“ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঝালকাঠি
fpo.jhalakathi.gov.bd

নম্বর: ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২২.৬

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৯
২১ নভেম্বর ২০২২

পরিপত্র

বিষয়: মাঠ পর্যায়ে জনবল শূন্য ইউনিটে কার্যক্রম জোরদার এবং সেবা কেন্দ্রে যথাযথভাবে আইসিআর সংরক্ষণ করা প্রসংগে।

ঝালকাঠি জেলাধীন পরিবার পরিকল্পনা বিভাগীয় মাঠ পর্যায়ে কার্যক্রম সম্পর্কে scmp থেকে মনিটরিং করে দেখা যায় বিভিন্ন উপজেলার কোন কোন ইউনিটের পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরণ যথেষ্ট পরিমানে নয়। বিশেষকরে কোন কোন ইউনিটে ইনজেকটেবলস পদ্ধতি বিতরণ বেশ কম। ডাটা বিশ্লেষণ করে দেখা যায় অধিকাংশ উপজেলায় খাবার বড়ি, কনডম, ইনজেকটেবলস, আইইউডি এবং স্থায়ী পদ্ধতি প্রজেকশন অনুযায়ী অর্জিত হচ্ছে না। মোট প্রজনন হারের অধিকাংশ অস্থায়ী পদ্ধতির অবদান থাকা সত্ত্বেও ঝালকাঠি জেলায় সরকারি পর্যায়ে অস্থায়ী পদ্ধতিসমূহের প্রজেকশন অর্জিত হচ্ছে না। বিভিন্ন সেবা কেন্দ্র পরিদর্শন করে দেখা যাচ্ছে ঔষধ/এমএসআর সংরক্ষণে স্টোর নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। এরফলে বিভিন্ন কেন্দ্রে ঔষধ/এমএসআর মেয়াদোত্তীর্ণ হচ্ছে। এছাড়া কোন কোন সেবা কেন্দ্রে যথেষ্ট পরিমান Short dated ঔষধ মজুদ রয়েছে। যা অনতিবিলম্বে ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা না হলে মেয়াদোত্তীর্ণ হওয়ার সম্ভাবনা রয়েছে। মাঠ পর্যায়ে/ সেবা কেন্দ্রে গর্ভ নিরোধক ইনজেকশনও মেয়াদোত্তীর্ণ হওয়ার সম্ভাবনা রয়েছে। অথচ ইনজেকটেবলস এর ব্যবহারও আপাত দৃষ্টিতে কম মনে হয়। অধিকাংশ মাঠ কর্মী/ এফিডব্লিউভি এর ইনজেকটেবলস পদ্ধতি বিতরণের পরিমান বৃদ্ধি করার সুযোগ রয়েছে বলে মনে হয়। বিশেষকরে জনবল শূন্য ইউনিটে unmet need বেশি। উক্ত ইউনিটসমূহে কার্যক্রম বৃদ্ধির সুযোগ রয়েছে। সকল প্রথম সারি এবং দ্বিতীয় সারির সুপারভাইজারগণ scmp পোর্টাল ব্যবহার করে নিজ নিজ এলাকার কার্যক্রম মনিটরিং বৃদ্ধির মাধ্যমে সার্বিক কার্যক্রম বৃদ্ধিতে আরো ভূমিকা রাখার সুযোগ রয়েছে। পরিদর্শনকৃত সেবা কেন্দ্র সমূহে ICR ব্যবহার করতে দেখা যায়নি। অথচ ICR ব্যবহার না করা হলে স্টোর ব্যবস্থাপনায় দুর্বলতা থেকে যায়। মেয়াদোত্তীর্ণ মালামাল বিনষ্টকরণে সাপ্লাই ম্যানুয়াল অনুসরণ করা উচিত। এছাড়া মাঠ পর্যায়ে পরিবার কল্যাণ সহকারীদের মিনি স্টোর যাচাই করা প্রত্যেক পরিবার পরিকল্পনা পরিদর্শকগণের দায়িত্ব রয়েছে। এ সকল বিষয়ে আরো বেশি গুরুত্ব প্রদান করে সেবা প্রদানে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। পরিবার কল্যাণ সহকারীদের বাড়ি পরিদর্শণ, পরিবার পরিকল্পনা পরিদর্শকদের উঠান বৈঠক, পরিবার পরিকল্পনা পরিদর্শিকার স্যাটেলাইট ক্লিনিক সংগঠন এবং উপসহকারী মেডিকেল অফিসারদের বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা জোরদারকরণপূর্বক নিজ নিজ সেবা কার্যক্রম অব্যাহত রাখা হলে ঝালকাঠি জেলার পরিবার পরিকল্পনা কার্যক্রম আরো একধাপ এগিয়ে যাবে বলে মনে করি। মডেল ক্লিনিকসমূহে অগ্রাধিকার ভিত্তিতে NVD চালু করা জরুরী। NVD চালু করতে অবশ্যই সেবা কেন্দ্রের আবাসস্থলে অবস্থান জরুরী। এ বিষয়ে অবহেলা গ্রহণযোগ্য নয়। সামাজিক যোগাযোগ ব্যবহার করে কার্যক্রমসমূহ দৃশ্যমান করা হলে বিভাগীয় সুনামবৃদ্ধিতে আরো বেশি সহায়ক হবে। সকল পর্যায়ের স্টাফগণকে নিজ নিজ ট্যাব ব্যবহার পূর্বক সেবা প্রদান করতে হবে।মটিভেশন কার্যক্রমকে ডিজিটাল করার প্রত্যয়ে ইটুলকিট(etoolkits.dghs.gov.bd) ব্যবহার করতে সকল স্টাফকে উৎসাহিত করা হলো। সকল রিসোর্স ব্যবহার করার মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়ার অংগীকার বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২১-১১-২০২২

মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক
ফোন: 0498-63444
ইমেইল:
ddfpjhalakathi@gmail.com

বিতরণ:

১) মেডিকেল অফিসার(ক্লিনিক), ঝালকাঠি মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ঝালকাঠি।

২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল), ঝালকাঠি জেলা।